দৈনিক ইনকিলাব-

তারিখ 22 NOV 1994
পৃষ্ঠা 7 কলাম ৭

08

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬টি হলে ভাঙচুর ও অগ্নিসংযোগ

॥ কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

২১ নভেম্বর।— চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্র দলের দু'জন নেতা হত্যার প্রতিবাদে গত রোববার রাতে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের বিক্ষুব্ধ কর্মীদের অতর্কিত হামলায় ৬টি আবাসিক হলে শিবির নেতা-কর্মীদের ২৯টি কক্ষ ভাঙচুর, অগ্নিসংযোগ ও তছনছ করা হয়। এ সময় ৫ জন শিবির কর্মী প্রহৃত হয়েছে।

চট্টগ্রামে ছাত্র দল নেতা হত্যার খবর শুনার পর পরই ছাত্র দল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। সোহরাওয়ার্দী হল থেকে মিছিলটি বের হয়ে আশরাফুল হক হল, শহীদ নাজমুল আহসান হল, শাহজালাল হল এবং শহীদ

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

জামাল হোসেন হল ও শহীদ শামসুল হক হলে শিবির কর্মীদের রুম ভাঙচুর, অগ্নিসংযোগ করে। এ সময় ৫ শিবির কর্মী প্রহৃত হয়। রাত পৌনে ১১টার দিকে ক্যাম্পাসে পুলিশসহ দমকল বাহিনী প্রবেশ করে। গভীর রাতে আবার সোহরাওয়ার্দী হলে ভাঙচুর হয়। বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও সিনিয়র শিক্ষকবৃন্দ রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেন।

আজ ছাত্র দল চট্টগ্রামে ছাত্র হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে ছাত্র দল বাকৃবি'র সভাপতি হাসান জাফির তুহিন ও সাধারণ সম্পাদক শামসুল আলম তোফা হত্যার নিন্দা জানিয়ে হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন। ক্যাম্পাসে থমথমে ভাব বিরাজ করছে।